

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/ওয়েবসাইট/তথ্য/২০১১/৮৭৪

তারিখ-২৬/০২/২০১৫ ইং।

প্রতি,

ইউনিট ইন চার্জ/ প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী (জেলা)


.....
.....

বিষয়ঃ এলজিইডি ওয়েবসাইটে নিজ নিজ কার্যালয়ের তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং-এলজিইডি/ওয়েবসাইট/তথ্য/২০১১/৭৩৬, তারিখ- ০৮/০৬/২০১৪ ইং।
২) স্মারক নং-এলজিইডি/ওয়েবসাইট/তথ্য/২০১১/৭৬০, তারিখ- ১৮/০৮/২০১৪ ইং।
৩) স্মারক নং-এলজিইডি/ওয়েবসাইট/তথ্য/২০১১/৮০৪, তারিখ- ২৮/১০/২০১৪ ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের তথ্য কমিশন ও এটুআই এর যৌথ উদ্যোগে প্রণীত “স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা” অনুযায়ী সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবসাইটের তথ্য নিয়মিত হালনাগাদকরণের বাধ্যবাধকতা রয়েছে। সূত্রস্থ ১ নং পত্রের মাধ্যমে এলজিইডি ওয়েবসাইটে সকল ইউনিট/প্রকল্প/জেলার কার্যক্রমের তথ্য নিয়মিতভাবে হালনাগাদের কাজ সংশ্লিষ্ট ইউনিট/প্রকল্প/জেলা অফিসের মাধ্যমে করার সিদ্ধান্ত নেয়া হয় এবং প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদের জন্য বলা হয়। পরবর্তীতে হালনাগাদের বিষয়ে সূত্রস্থ ২ ও ৩ নং পত্র এবং মোবাইল এসএমএসের মাধ্যমে পুনরায় অনুরোধ করা হয়। কিন্তু অনেক কার্যালয় থেকে এখনো তথ্য হালনাগাদ করা হয়নি। এমতাবস্থায়, আগামী ১০/০৩/২০১৫ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে আপনার কার্যালয়ের তথ্য এলজিইডি ওয়েবসাইটে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল। অন্যথায় কর্তৃপক্ষের আদেশ প্রতিপালন না করার কারণে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)....., এলজিইডি।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)....., এলজিইডি। তাঁর আওতাধীন ইউনিট/জেলার তথ্য হালনাগাদকরণের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হ'ল।